

কটেজ, ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোক্তাদের (CMSME) জন্য আর্থিক সেবা

CMSME শব্দের অর্থ কি?

CMSME (সিএমএসএমই) চারটি ইংরেজী শব্দের প্রথম অক্ষর। C হচ্ছে Cottage; M হচ্ছে Micro; S হচ্ছে Small; M হচ্ছে Medium এবং E তে Enterprise অর্থাৎ শিল্প, সেবা বা ব্যবসায়িক উদ্যোগকে বুঝায়। কাজেই CMSME হলো Cottage (কুটির), Micro (ক্ষুদ্র), Small (ছোট) ও Medium (মাঝারি) খাতে গৃহীত উদ্যোগ।

CMSME ঋণের ক্ষেত্রে সুদের হার কত?

- সাধারণত গ্রাহকের CMSME ঋণের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিজেসই সংশ্লিষ্ট খাত/উপখাতে ঋণের হার নির্ধারণ করে;
- তবে সুদের হার সহনশীল মাত্রায় রাখার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ঋণের সুদ/মুনাফার হারের সর্বোচ্চ মাত্রা নির্ধারণ করে নির্দেশনা প্রদান করা হয়;
- কটেজ, মাইক্রো ও স্মল খাতে নতুন উদ্যোক্তাদেরকে এবং মফস্বলভিত্তিক কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনে কটেজ, মাইক্রো, স্মল ও মিডিয়াম এন্টারপ্রাইজকে সর্বোচ্চ ৭% সুদহারে ঋণ প্রদানের নির্দেশনা আছে।

CMSME ঋণ প্রক্রিয়াকরণের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ সাধারণত কি কি কাগজপত্র চেয়ে থাকে?

ঋণের পরিমাণ ও ধরনের উপর ভিত্তি করে এবং গ্রাহক/আবেদনকারী প্রতিষ্ঠানের ধরণ বিবেচনায় ভিন্ন ভিন্ন ডকুমেন্ট বা কাগজপত্র/দলিলাদি প্রয়োজন হয়। তবে সাধারণত সিএমএসএমই ঋণের আবেদনকালে নিম্নবর্ণিত কাগজপত্র প্রয়োজন হয়:

- হালনাগাদ ট্রেড লাইসেন্স;
- জাতীয় পরিচয়পত্র ব্যাংক প্রতিবেদন (বিভিন্ন ব্যাংকের চাহিদা ভিনডুব);
- ব্যবসা নিজ জমিতে হলে তার দলিল, পর্চা ইত্যাদি এবং বিদ্যুৎ/টেলিফোন বিলের কপি;
- দোকান/ঘর ভাড়া চুক্তিনামা; করদাতা সনাক্তকরণ সার্টিফিকেট (eTIN);
- মজুদ মাল ও তার বর্তমান মূল্যের তালিকা;
- ঋণের আবেদনকারী এবং জামিনদার উভয়ের পাসপোর্ট সাইজ ছবি এবং জামিনদার ব্যবসায়ী হলে তার ট্রেড লাইসেন্সের কপি ও পূরণকৃত CIB Inquiry Form ;
- চলমান ব্যবসা হলে বিগত ১-৩ বছরের বিক্রয় ও আর্থিক বিবরণী;
- প্রাইভেট লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এবং মেমোরেণ্ডাম অব আর্টিক্যালস;
- মূল্য সংযোজন কর (ভ্যাট) সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে);
- IRC ও IRE সার্টিফিকেট (আমদানি ও রপ্তানি ব্যবসার ক্ষেত্রে) ইত্যাদি।

CMSME ঋণ পেতে কী কী জামানত প্রয়োজন হয়?

- “কটেজ, মাইক্রো, স্মল খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল” এর আওতায় নতুন উদ্যোক্তাগণ উদ্যোগের প্রকৃতি এবং উৎপাদিত পণ্য ও সেবার বাজার বিবেচনাস্তে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে সহায়ক জামানত বিহীন প্রয়োজনে ১০.০০(দশ) লক্ষ টাকার অধিক ঋণ পেতে পারেন।

এছাড়া, এসএমই ঋণ প্রাপ্তির ক্ষেত্রে সাধারণত নিম্নোক্ত জামানতসমূহ প্রয়োজন হয়ঃ

- হাইপোথিকেশন (মজুদ পণ্য, যন্ত্রাংশ ইত্যাদি);
- মর্টগেজ (স্থাবর সম্পত্তি সমূহ);
- ব্যক্তিগত জামানত;
- গ্রুপ জামানত/ সামাজিক জামানত;
- পোস্ট ডেটেড চেক।

এসএমই উদ্যোক্তারা কি কোন কর রেয়াত (Tax rebate) পাবেন?

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প নীতি- ২০১৬ এ ক্ষুদ্র ও কুটির শিল্পের জন্য বিদ্যমান কর সুবিধা অব্যাহত থাকার কথা বলা আছে।
- ২০১৩-১৪ সনের বাজেটে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য বার্ষিক টার্নওভার অনধিক ৩০.০০ লক্ষ টাকা পর্যন্ত কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

একজন এসএমই উদ্যোক্তার সাধারণ যোগ্যতাসমূহ কি কি?

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ হতে অর্থায়ন পেতে হলে সাধারণত

- কমপক্ষে দুই বছরের ব্যবসায়িক অভিজ্ঞতা;
- বৈধ ট্রেড লাইসেন্স ও
- প্রযোজ্য জামানত।

তবে উদ্যোগ গ্রহণকারী ব্যক্তির ব্যবসায়িক/প্রশিক্ষণলব্ধ জ্ঞান এবং প্রকল্পের সফলতার সম্ভাবনা বিবেচনায় নিয়ে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান একেবারে নতুন উদ্যোক্তাদেরও অর্থায়ন করে থাকে।

বাংলাদেশ ব্যাংক হতে কি কোনো সিএমএসএমই ঋণ দেয়া হয়?

না। বাংলাদেশ ব্যাংক হতে সিএমএসএমই ঋণ বা অন্য কোন ধরনের ঋণ সরাসরি জনসাধারণকে প্রদান করা হয় না। বাংলাদেশ ব্যাংক সরাসরি সাধারণ জনগণের সাথে কোন ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে না।

তবে, বাংলাদেশ ব্যাংক সাধারণ জনগণের জন্য সশ্রমী ও সহজলভ্য উপায়ে আর্থিক সেবা পাবার সুবিধার্থে পুনঃঅর্থায়ন স্কিমের মাধ্যমে উদ্যোক্তাদের অর্থায়নের শর্তে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করে থাকে।

সিএমএসএমই ঋণের ব্যাপারে জানতে চাইলে বাংলাদেশ ব্যাংকে কিভাবে যোগাযোগ করতে হবে?

সিএমএসএমই ঋণ সংশ্লিষ্ট সেবা প্রাপ্তির বিষয়ে যে কোন তথ্য ও পরামর্শ পেতে কিংবা ঋণ গ্রহণে হয়রানির শিকার হলে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের প্রবলেম সল্যুশন সেন্টার (Problem Solution Centre) এ সরাসরি যোগাযোগ করতে পারেন। প্রবলেম সল্যুশন সেন্টারে যোগাযোগের ফোন নম্বর ০২-৯৫৩০২২০ (সরকারী ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সকাল ১০.৩০ হতে বিকাল ০৫.৩০ পর্যন্ত)।